# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 04-09-2026** **Time: 1.30 P.M.**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) শ্রীহরিকোটা সতীশ ধাওয়ান স্পেস সেন্টার থেকে ভারতের প্রথম জিওসিনক্রোনাস কক্ষপথের ইমেজিং স্যাটেলাইট সফলভাবে উৎক্ষেপণ করা হয়েছে।

প্রধানমন্ত্রী এই সফল উৎক্ষেপণে বিজ্ঞানিদেরশুভেচ্ছা জানিয়েছেন ।

২/ ব্রিক্স গোষ্ঠীভুক্ত দেশ গুলির প্রধান বিচারপতি ফোরামের বৈঠক আজ নতুন দিল্লিতে শুরু হয়েছে।

৩/ নেপালে ভয়াবহ বন্যায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১ হাজার ২৮২। বন্যা দুর্গত এলাকায় ত্রাণ ও উদ্ধার কাজে সহায়তার জন্য ভারত বিমানে ত্রাণ সামগ্রী পাঠিয়েছে ।

৪/ আজ জন্মাস্টমী । দেশ জুড়ে যথোচিত উৎসাহ উদ্দীপনায় দিন টি পালিত হচ্ছে ।

৫/ আবহাওয়া দপ্তর দেশের বিভিন্ন অংশে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে ।

৬/ চায়না মাস্টার্স ব্যাডমিন্টনে সেমিফাইনালে ওঠার লড়াইয়ে ভারতের সাত্ত্বিক সাইরাজ রাঙ্কি রেড্ডি ও চিরাগ শেট্টি জুটি ডেনমার্কের কিম অ্যাস্ট্রপ ও অ্যান্ডার্স রাসমুসেনের মুখোমুখি হবেন।

---

অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে জিএসএলভি (GSLV) রকেটের মাধ্যমে আজ ভোররাতে ভারতের প্রথম জিওসিনক্রোনাস কক্ষপথের

ইমেজিং স্যাটেলাইট সফলভাবে উৎক্ষেপণ করা হয়েছে। ইসরো জানিয়েছে, অত্যাধুনিক পৃথিবী পর্যবেক্ষণকারী মহাকাশযান (EOS-05) উৎক্ষেপণ কেন্দ্র থেকে ওড়ার প্রায় ১৮ মিনিট পর সফলভাবে সাব-জিওসিনক্রোনাস কক্ষপথে স্থাপিত হয়।

২ হাজার ৩৬৭ কেজি ওজনের পেলোড-সহ জিএসএলভি-এফ১৭ (GSLV-F17) রকেটটি রাত ২টা ৫৫ মিনিটে সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্রের দ্বিতীয় লঞ্চ প্যাড থেকে যাত্রা শুরু করে। এই ইমেজিং স্যাটেলাইটটি রিয়েল-টাইম বা তাৎক্ষণিক ছবি সরবরাহ করবে এবং কৃষি ও দুর্যোগ ব্যবস্থাপনার মতো বিভিন্ন ক্ষেত্রে দেশকে সহায়তা করবে।

ইসরোর চেয়ারম্যান ভি. নারায়ণন বলেছেন, এই মিশন ভারতের পর্যবেক্ষণ ক্ষমতাকে আরও জোরদার করবে এবং এই সংক্রান্ত পরিষেবার মান উন্নত করবে।

----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতের প্রথম জিওসিনক্রোনাস কক্ষপথে ইমেজিং স্যাটেলাইট সফলভাবে উৎক্ষেপন হওয়ায় বিজ্ঞানীদের অভিনন্দন জানিয়েছেন। সমাজমাধ্যমে এক বার্তায় তিনি বলেছেন, ভারের মহাকাশ গবেষণায় সাফল্য এবং উদ্ভাবনী শক্তির অসাধারণ প্রকাশ ঘটেছে।

----------------

GSLV-F17 রকেটের মাধ্যমে ভূ-পর্যবেক্ষণ উপগ্রহ EOS-05-এর সফল, উৎক্ষেপণের প্রশংসা করেছেন কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ড. জিতেন্দ্র সিং। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি জানান, EOS-05 হলো একটি অত্যাধুনিক ভূ-পর্যবেক্ষণ উপগ্রহ, যা জিওসিনক্রোনাস কক্ষপথ থেকে মহাকাশে ভারতের প্রথম ইমেজিং স্যাটেলাইট হিসেবে কাজ করবে। এর মাধ্যমে দৃশ্যমান, ইনফ্রারেড, মাল্টি-

স্পেকট্রাল এবং হাইপার-স্পেকট্রাল ব্যান্ডে উন্নতমানের ছবি তোলা সম্ভব হবে। ড. সিং আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্বে ভারতের মহাকাশ গবেষণা ক্ষেত্র ক্রমাগত নতুন উচ্চতায় পৌঁছাচ্ছে।

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ও GSLV-F-17 রকেটের মাধ্যমে ভূ-পর্যবেক্ষন উপগ্রহের সফল উৎক্ষেপণের প্রশংসা করেন।

-----------------

ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলির প্রধান বিচারপতি এবং বরিষ্ঠ বিচার বিভাগীয় প্রতিনিধিদের বৈঠক আজ নতুন দিল্লিতে শুরু হয়েছে। ভারতের সুপ্রিম কোর্ট এই ফোরামের আয়োজক।

সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্য কান্ত, চীন, রাশিয়া, মিশর, সংযুক্ত আরব আমিরশাহী, বেলারুশ, কাজাকস্তান, দক্ষিণ আফ্রিকা, ইরান এবং উজবেকিস্তানের বিচারবিভাগীয় প্রতিনিধি দলের শীর্ষ নেতৃত্বের সঙ্গে বৈঠক করছেন।

এই দ্বিপাক্ষিক বৈঠকে বিচারবিভাগীয় স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে তারা মতবিনিময় করবেন। তিনদিনের এই ফোরামটি, আন্তর্জাতিক বিভিন্ন বিরোধের নিষ্পত্তি নিয়েও আলোচনা করবেন বলে মনে করা হচ্ছে।

-----------------

নেপালে ভয়াবহ বন্যায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১ হাজার ২৮২। নেপাল পুলিশ জানিয়েছে এখনও ৫ হাজারের বেশি মানুষ নিখোঁজ রয়েছেন।

নেপাল পুলিশের তথ্য অনুযায়ী, সবচেয়ে বেশি সংখ্যক মৃতদেহ উদ্ধার করা হয়েছে চিতওয়ান জেলায়। এখান থেকে ৩৫৯ টি দেহ মিলেছে। নাওয়ালপরাসি পূর্ব থেকে ২১৮টি ও নাওয়ালপরাসি পশ্চিম জেলা থেকে ২১২টি দেহ উদ্ধার হয়েছে। এছাড়াও রাসুয়া থেকে ১৪০ টি মৃতদেহ পাওয়া গেছে । এখনও পর্যন্তা ৫

হাজার ৫৩ জন নিখোজ । নেপাল সরকার ডিএনএ পরীক্ষা করে মৃত দের শনাক্ত করছে।

নেপালের প্রধানমন্ত্রী বালেন্দ্র শাহ বলেছেন, এই দুর্যোগের সঙ্গে জলবায়ু পরিবর্তনের যোগসূত্রটি আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে জোরালোভাবে তুলে ধরতে হবে।

এদিকে, নেপাল সেনাবাহিনীর নেতৃত্বে উদ্ধার অভিযান এখনও চলছে। উদ্ধারকাজে সহায়তা করতে ভারতের একটি টানেল বিশেষজ্ঞ দল শ্যাবরুবেসিতে তাদের ঘাঁটি বানিয়েছে।

----------------

নেপালে বন্যাদুর্গত এলাকায় ত্রাণ ও উদ্ধারকাজে সহায়তার জন্য ভারত আরও দু'টি বিমানে করে ত্রাণসামগ্রী পাঠিয়েছে। বিদেশমন্ত্রক জানিয়েছে, ২১.৫ টন ত্রাণ সামগ্রী নিয়ে দু'টি সি-১৩০জে (C-130J) বিমান কাঠমান্ডুতে অবতরণ করেছে। নেপালের বিজ্ঞান, প্রযুক্তি ও উদ্ভাবন বিষয়ক মন্ত্রী মহাবীর পুনের উপস্থিতিতে এই ত্রাণসামগ্রী সে দেশের আধিকারিকদের হাতে তুলে দেওয়া হয়।

----------------

দেশজুড়ে আজ উৎসাহ উদ্দীপনার সঙ্গে জন্মাষ্টমী পালিত হচ্ছে।

গান

এই উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও লোকসভার স্পিকার ওম বিড়লা।

রাষ্ট্রপতি তাঁর শুভেচ্ছা বার্তায় বলেছেন, ভগবান শ্রীকৃষ্ণের জীবন ও শিক্ষা ভারতীয় সাংস্কৃতিক ও দার্শনিক ঐতিহ্যকে নতুন প্রাণশক্তি জোগায়। শ্রীমদ্ভগবদ্গীতায় ভগবান শ্রীকৃষ্ণ কঠিন সময়ে বিচক্ষণ সিদ্ধান্ত গ্রহণ এবং নৈতিক মূল্যবোধে অবিচল থাকার শিক্ষা

দিয়েছেন। রাষ্ট্রপতি আরও বলেন, জন্মাষ্টমীর উৎসব সকলকে সম্প্রীতির মনোভাব এবং কর্তব্য ও সেবার প্রতি নিষ্ঠা বজায় রাখতে অনুপ্রাণিত করে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভগবান শ্রীকৃষ্ণের নিঃস্বার্থ কর্ম মানবজাতিকে নিরন্তর দীশা দেখিয়ে এসেছে। এই বিশেষ পবিত্র দিন সকলকে ইতিবাচক পথ দেখাবে বলে আশা প্রকাশ করেছেন তিনি।

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বলেছেন, ভারত ও বিশ্বজুড়ে ভগবান শ্রীকৃষ্ণের অগণিত ভক্তের মধ্যে তাঁর প্রতি ভক্তি ও ভালোবাসা অসীম। ভগবদ গীতার শিক্ষা কালজয়ী পথ নির্দেশ করে।

আজ জন্মাষ্টমী উপলক্ষে মথুরা ও বৃন্দাবনে লক্ষ লক্ষ ভক্তের সমাগম হয়েছে। দেশ-বিদেশ থেকে আগত ভক্তদের কথা মাথায় রেখে মথুরা শহরজুড়ে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এখানে আজ ৫০০টি ড্রোনের মাধ্যমে আকাশে ভগবান শ্রীকৃষ্ণের জন্ম ও তাঁর জীবনের বিভিন্ন লীলা জীবন্ত করে তোলা হবে। সাজিয়ে তোলা হয়েছে উত্তরপ্রদেশের বাঁকে বিহারী, প্রেম মন্দির, শ্রী কৃষ্ণ জন্মভূমি মন্দির ও ইসকন মন্দির। জন্মাষ্টমী উদযাপনে অংশ নিতে উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ ইতিমধ্যেই মথুরায় পৌঁছেছেন।

-----------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণন এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জন্মাষ্টমী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমে একবার্তায় রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু বলেন, ভগবান শ্রীকৃষ্ণের জীবন ও বাণী ভারতীয় সংস্কৃতি ও দর্শনে প্রাণশক্তি সঞ্চার করে। তিনি সকলকে ভগবান শ্রীকৃষ্ণের আদর্শ অনুসরণ করার আহ্বান জানান। বিকশিত ভারত গড়ার লক্ষ্যে লাগাতার কাজ করে যাওয়া তিনি আবেদন জানান।

উপ-রাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণন বলেন, ভগবান শ্রীকৃষ্ণের জীবন ও বার্তা মানবজাতিকে সত্য পথে পরিচালিত করতে উৎসাহ যোগায়।

শ্রীকৃষ্ণের শাশ্বত সনাতন ভাবনাকে সামনে রেখে সমাজে ঐক্য ও সম্প্রীতি স্থাপনের অবদান রাখার কথা বলেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন ভগবান শ্রীকৃষ্ণের বাণী নিঃস্বার্থভাবে কাজ পড়তে উদ্বুদ্ধ করে। প্রতিটি মানুষের দৈনন্দিন জীবনে ভগবান শ্রীকৃষ্ণের বাণী আদর্শ মানসিক শক্তি জগতে সাহায্য করে।

স্বরাস্ট্র মন্ত্রী অমিত শাহ এবং প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ও জন্মাস্টমী উপলক্ষ্যে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন ।

----------------

মধ্যপ্রদেশে আজ প্রবল বর্ষণে জনজীবন বিপন্ন। আগামী ৪৮ ঘন্টায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস হিসাবে কমলা সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এর পাশাপাশি আজ

অসম, মেঘালয়, বিহার, রাজস্থান, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম, ত্রিপুরা, উত্তরাখণ্ড ও সিকিমে বজ্রবিদ্যুৎসহ ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। একই ধরনের আবহাওয়া থাকতে পারে জম্মু-কাশ্মীর, লাদাখ, গিলগিট-বাল্টিস্তান ও মুজাফফরাবাদে। অন্যদিকে দিল্লি, হরিয়ানা, চণ্ডীগড়, হিমাচল প্রদেশ, পাঞ্জাব, পশ্চিমবঙ্গ, পশ্চিম উত্তর প্রদেশ, অরুণাচল প্রদেশ, অন্ধ্রপ্রদেশ এবং উত্তর অভ্যন্তরীণ কর্ণাটকেও বজ্রপাত সহ ঝোড়ো হাওয়ার পূর্বাভাস দেওয়া হয়েছে।

----------------

নিউ ফারাক্কা রেল স্টেশনের কাছে আপ লাইনে ধস নামায়, উত্তরবঙ্গগামী অনেক ট্রেন আজও বাতিল রয়েছে। গতকাল ভোর রাতে প্রবল বৃষ্টির জেরে এই ধসের ঘটনায়, রেল পথে কার্যত ব্যহত হয় উত্তরবঙ্গের সঙ্গে

যোগাযোগ। ডাউন লাইনে কিছু ট্রেন চলাচল করলেও বাতিল হয়ে যায় দার্জিলিং মেল, গৌর এক্সপ্রেস, কাঞ্চনকন্যা এক্সপ্রেস, শিয়ালদা নিউ জলপাইগুড়ি পদাতিক এক্সপ্রেস। এদিকে নিউ ফরাক্কা স্টেশন সংলগ্ন রেললাইনে ধসের প্রায় ২৪ ঘণ্টা পরও স্বাভাবিক হয়নি পরিষেবা। যুদ্ধকালীন তৎপরতায় মেরামতির কাজ করে রাতে টেস্টিং এর পর আবার নতুন করে ধস নামায় পরিস্থিতি আরও জটিল হয়েছে। রেল দপ্তর সূত্রে জানা গিয়েছে, গতকালের ধ্বসের ওই জায়গাতেই প্রায় ১০০ মিটার জায়গা জুড়ে ১৫ ফুট ধ্বসে গিয়েছে। ওভারহেড কানেকশনের বৈদ্যুতিক পোল গুলিও স্থানচ্যুত। আপৎকালীন পরিস্থিতিতে উত্তরবঙ্গ ও ঝাড়খন্ডের দিকের সকল ট্রেণ ফারাক্কার দু নম্বর প্ল্যাটফর্ম দিয়ে ধীরে ধীরে চালানো হচ্ছে। দ্রুত গতিতে কাজ চললেও কতক্ষণে পরিষেবা পুরোপুরি স্বাভাবিক হবে তা নির্দিষ্ট করে বলতে পারছেন না আধিকারিকরাও।

আজ বাতিল রয়েছে ‘বন্দে ভারত’, শতাব্দী এক্সপ্রেস, কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস, তিস্তা-তোর্সা এক্সপ্রেস, নবদ্বীপ ধাম- বালুরঘাট, হাওড়া-রাধিকাপুর কুলিক এক্সপ্রেস সহ গুরুত্বপূর্ণ বহু ট্রেন।

----------------

ইয়েমেনের দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় তাইজ প্রদেশে সরকারি বাহিনী ও হুথি বিদ্রোহীদের মধ্যে তীব্র লড়াইয়ে অন্তত ২৫ জন নিহত হন। আহত হয়েছেন একাধিক।

মাকবানা ও আলকাধা গ্রামে হুথিরা গতকাল হামলা চালালে এই সংঘাত শুরু হয়। তারা বেশ কিছু অঞ্চল নিজেদের দখলে আনলেও সরকারি বাহিনী তা পুনরুদ্ধার করে।

এই লড়াইয়ে সরকারি বাহিনীর ১৫ জন সেনা এবং হুথি গোষ্ঠীর ১০ জন নিহত হন। হুথিদের গোলাবর্ষণে স্থানীয় পরিবারগুলো নিরাপদ আশ্রয়ে নিজেদের বাড়িঘর ছেড়ে পালাতে বাধ্য হয়।

স্থলযুদ্ধের পাশাপাশি ব্যাপক বিমান হামলাও চালানো হয়।

-----------------

মুম্বাইয়ের ‘গেটওয়ে অফ ইন্ডিয়া’র কাছে আরব সাগরে গত রাতে একটি ফেরির ইঞ্জিনে যান্ত্রিক গোলযোগ দেখা দিলে ৩৮ জনকে উদ্ধার করা হয়েছে। ৩৪ জন যাত্রী ও চারজন কর্মী নিয়ে ফেরিটি সমুদ্রভ্রমণ শেষে ফেরার সময়ে উপকূল থেকে দেড় নটিক্যাল মাইল দূরে রাত সাড়ে আটটা নাগাদ বিকল হয়ে পড়ে। আজাদ হিন্দ নামের আরেকটি প্রমোদতরি বিকল ফেরিটি উদ্ধার করে গেটওয়ে অফ ইন্ডিয়ার ২ নম্বর জেটিতে ফিরিয়ে নিয়ে আসে।

-----------------

চায়না মাস্টার্স ব্যাডমিন্টনে সেমিফাইনালে ওঠার লড়াইয়ে ভারতের সাত্ত্বিক সাইরাজ রাঙ্কি রেড্ডি ও চিরাগ শেট্টি জুটি ডেনমার্কের কিম অ্যাস্ট্রুপ ও অ্যান্ডার্স রাসমুসেনের মুখোমুখি হবেন। চীনের সেনঝেনে ভারতীয় সময় আজ বিকেল ৪ টে ১০ মিনিটে এই খেলা শুরু হওয়ার কথা।

পুরুষদের সিঙ্গিলসে কোয়ার্টার ফাইনালে হংকং-এর লি চেক ইউ-এর কাছে ভারতের কিদাম্বি শ্রীকান্ত ১৬-২১, ১৬-২১ সেটে পরাজিত হয়েছেন।

-----------------

ভিয়েতনামের ডানাং এ আয়োজিত পিকেল বল বিশ্বকাপে ভারত প্রথম দিনে এখনও পর্যন্ত অপরাজিত আছে। চলতি মাসের ৬ তারিখ পর্যন্ত এই খেলা চলবে । লীগ পর্বের শেষে , ভারত এই প্রতিযোগিতায় চমকপ্রদ ফল দেখিয়ে , আন্টিগুয়া , বারমুড়া , ইসরায়েল ও চেক প্রজাতন্ত্রকে পরাজিত করেছে। ভারতের সিনিয়র দল ও টুর্নামেন্টের খুব ভাল সুচনা করেছে। তাঁরা জার্মানি ও নেপাল কে পরাজিত করেছে । ভারত এখনও পর্যন্ত এই প্রতিযোগিতায় ৩৭ টি পদক পেয়েছে, এর মধ্যে ৬ টি সোনা।

---------------- --------------